# নতুন সরকারের হাত ধরে দুর্নীতি ও লুটপাট বন্ধ হবে: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়তে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান ভোট কেন্দ্রে গিয়ে দাঁড়িপাল্লা প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান। ক্ষমতায় এলে দেশের বাইরে পাচার হওয়া অর্থ ফেরত আনা এবং বঞ্চিত অঞ্চলে উন্নয়ন কার্যক্রম শুরু করার প্রতিশ্রুতি দিয়েছেন।

শুক্রবার (৬ ফেব্রুয়ারি) পটুয়াখালীর বাউফল পাবলিক মাঠে নির্বাচনী সমাবেশে তিনি বলেন, "এই নির্বাচন দেশের গণতন্ত্র রক্ষার জন্য গুরুত্বপূর্ণ।" তিনি অভিযোগ করেন, পূর্ববর্তী সময়ে সরকারি অর্থের দুর্নীতি ও লুটপাট হয়েছে, যা নতুন সরকারের মাধ্যমে বন্ধ করা হবে।

জামায়াত আমির জানান, ক্ষমতায় এলে নদী ভাঙন ও সামাজিক সমস্যা মোকাবিলা, অপরাধ ও দুর্নীতি রোধ, মিথ্যা মামলা প্রতিহত এবং আইন কার্যকর করা হবে। তিনি নতুন বাংলাদেশের যাত্রা শুরু এবং দেশের সব অঞ্চলে ন্যায়ভিত্তিক সেবা পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি দেন।

সমাবেশ শেষে তিনি জোট প্রার্থীদের হাতে দলীয় প্রতীক তুলে দেন এবং সমর্থকদের ঐক্যবদ্ধভাবে বিজয় নিশ্চিত করার আহ্বান জানান।

LENS ASIA